



এই প্রশিক্ষণগুলো অভিজ্ঞ শিক্ষক ও প্রশিক্ষকের মাধ্যমে হাতে-কলমে শেখানো হবে ● ছবি : সংগৃহীত

# বিনা খরচে বৃত্তিসহ প্রশিক্ষণ পাবেন ৮৯৪০ জন

## চাকরিবাকরি প্রতিবেদক

বাংলাদেশ সরকারের অগ্রাধিকার শিল্প খাত হিসেবে ঘোষিত লাইট ইঞ্জিনিয়ারিং শিল্পের দেশীয় চাহিদা পূরণের পাশাপাশি রপ্তানি আয় বৃদ্ধির জন্য দক্ষ জনশক্তি গড়ার লক্ষ্যে বাংলাদেশ সরকার, এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক (এডিবি) ও সুইজারল্যান্ড সরকারের অনুদানে অর্থায়িত এবং বাংলাদেশ সরকারের অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে 'স্কিলস্ ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম' শিরোনামে তিন বছরের প্রকল্পের আওতায় বাংলাদেশ ইঞ্জিনিয়ারিং ইন্ডাস্ট্রি ওনার্স অ্যাসোসিয়েশন দেশের বিভিন্ন কারখানার কারিগরদের দক্ষতা উন্নয়নের জন্য মাস্টার ক্রাফটসম্যানশিপ (আপ-স্কিলিং) কোর্সসহ মোট আটটি কোর্সে ভিন্ন মেয়াদে বিনা খরচে ৮ হাজার ৯৪০ জনকে প্রশিক্ষণ দেবে। এর মধ্যে দেশের বিভিন্ন কারখানায় কর্মরত ৭ হাজার ২০০ জন কারিগরকে ৩০ ঘণ্টা মেয়াদি শুধু মাস্টার ক্রাফটসম্যানশিপ (আপ-স্কিলিং) কোর্সে প্রশিক্ষণ দেওয়া হবে। আর ১ হাজার ৭৪০ জন অন্য সব কোর্সে প্রশিক্ষণ নিতে পারবেন। অন্যান্য প্রশিক্ষণ কোর্সের মধ্যে রয়েছে লেদ মেশিন অপারেশন, মিলিং মেশিন অপারেশন, ওয়েল্ডিং, ক্যাড/ক্যাম ডিজাইন, সিএনসি অপারেশন, ইলেকট্রিক্যাল ও রেফ্রিজারেশন অ্যান্ড এসি টেকনিশিয়ান কোর্স। প্রশিক্ষণগুলো নিতে হলে ২৭ ডিসেম্বরের মধ্যে উল্লিখিত ঠিকানায় আবেদন করতে হবে।

বাংলাদেশ ইঞ্জিনিয়ারিং ইন্ডাস্ট্রি ওনার্স অ্যাসোসিয়েশন সূত্রে জানা গেছে, এই প্রশিক্ষণে মহিলা, উপজাতি ও নৃগোষ্ঠী এবং সুবিধাবঞ্চিত প্রার্থীরা অগ্রাধিকার পাবেন।

প্রশিক্ষণ শেষে কৃতকার্য  
প্রার্থীদের সনদ দেওয়া হবে  
এবং তাঁদের বিভিন্ন  
শিল্পকারখানায় চাকরি পেতে  
সহায়তা করা হবে

এসব প্রশিক্ষণ নিতে হলে মাস্টার ক্রাফটসম্যানশিপ কোর্সের প্রার্থীদের কোনো লাইট ইঞ্জিনিয়ারিং শিল্পকারখানায় ন্যূনতম তিন বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। লেদ মেশিন অপারেশন, মিলিং মেশিন অপারেশন, ওয়েল্ডিং, ইলেকট্রিক্যাল, রেফ্রিজারেশন অ্যান্ড এসি টেকনিশিয়ান কোর্সের প্রার্থীদের অষ্টম শ্রেণি পাস হতে হবে। আর ক্যাড/ক্যাম ডিজাইন ও সিএনসি অপারেশন কোর্সের জন্য এইচএসসি (বিজ্ঞান বিভাগ) অথবা ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং পাস হতে হবে। বয়স হতে হবে ১৮ বছরের বেশি। শুধু মাস্টার ক্রাফটসম্যানশিপ কোর্সের প্রার্থীদের জন্য বয়স ১৬ বছরের বেশি হতে হবে।

এসব কোর্সে আবেদন করতে হলে প্রার্থীদের [www.beioa.org.bd](http://www.beioa.org.bd) থেকে ভর্তি ফরম ডাউনলোড করে বাংলাদেশ ইঞ্জিনিয়ারিং ইন্ডাস্ট্রি ওনার্স অ্যাসোসিয়েশন, ৩৮ টিপু সুলতান রোড, ওয়ারী, ঢাকা-১২০৩ অথবা প্যারাডাইস ভবন, ২ ফোল্ডার স্ট্রিট, ওয়ারী, ঢাকা-১২০৩ এই ঠিকানায় আবেদনপত্র পাঠাতে হবে। আবেদনপত্রের সঙ্গে প্রার্থীকে দুই কপি পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয়পত্র অথবা জন্ম নিবন্ধনের ফটোকপি সংযুক্ত করতে হবে। শুধু মাস্টার ক্রাফটসম্যানশিপ কোর্সের প্রার্থীদের দেশের

বিভিন্ন জেলায় অবস্থিত বাংলাদেশ ইঞ্জিনিয়ার শিল্প মালিক সমিতি অফিসে আবেদনপত্র জমা দিতে হবে। বাংলাদেশ ইঞ্জিনিয়ারিং ইন্ডাস্ট্রি ওনার্স অ্যাসোসিয়েশনের সভাপতি আবদুর রাজ্জাক জানান, এসব প্রশিক্ষণগুলো বিনা বেতনে দেওয়া হবে। প্রশিক্ষণ চলাকালে মাস্টার ক্রাফটসম্যানশিপ কোর্সের প্রার্থীরা দেড় হাজার টাকা এবং অন্য সব কোর্সের প্রার্থীরা প্রতি মাসে তিন হাজার টাকা করে বৃত্তি পাবেন। এই প্রশিক্ষণগুলো অভিজ্ঞ শিক্ষক ও প্রশিক্ষকের মাধ্যমে হাতে-কলমে শেখানো হবে। আবদুর রাজ্জাক আরও বলেন, আপ-স্কিলিং কোর্সের প্রার্থীরা এই প্রশিক্ষণটি নিলে একদিকে যেমন দক্ষ হবেন, অন্যদিকে তাঁদের বেতন ও পদমর্যাদাও বৃদ্ধি পাবে। অন্য সব কোর্সের প্রার্থীদের প্রশিক্ষণ শেষে শুধু কৃতকার্য প্রার্থীদের সনদ দেওয়া হবে এবং তাঁদের বিভিন্ন শিল্পকারখানায় চাকরি পেতে সহায়তা করা হবে বলে জানান তিনি।

**আরও জানতে :** এই প্রশিক্ষণ-সংক্রান্ত যেকোনো তথ্য জানতে ৪ ডিসেম্বরের প্রথম আলোর ক্রোড়পত্র শিল্প সাহিত্যের তৃতীয় পৃষ্ঠায় দেখতে পারেন। অথবা যোগাযোগ করতে পারেন এই ঠিকানায়-বাংলাদেশ ইঞ্জিনিয়ারিং ইন্ডাস্ট্রি ওনার্স অ্যাসোসিয়েশন, ৩৮ টিপু সুলতান রোড, ওয়ারী, ঢাকা-১২০৩ অথবা প্যারাডাইস ভবন, ২ ফোল্ডার স্ট্রিট, ওয়ারী, ঢাকা-১২০৩। ফোন ০২-৭১১৯০১১, মোবাইল-০১৯১১-১৮৬২৭৪, ০১৯১১-২১১০২২, ০১৭১৭৫৯০৬০০। বিভিন্ন জেলার ইঞ্জিনিয়ারিং শিল্প মালিক সমিতি অফিসের ঠিকানা জানতে <http://epaper.prothom-alo.com/view/dhaka/2015-12-04/23> এই লিংকে ক্লিক করুন।